দামুড়হুদার কার্পাসডাঙ্গায় পানিতে ডুবে শিশুর মর্মান্তিক মৃত্য

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় পুকুরের পানিতে ডুবে সিয়াম (৩) নামে এক শিশুর মর্মান্তিক মৃত্য হয়েছে। রোববার (৪ অক্টোবর) সকাল সাড়ে ৮টার দিকে নিজ বাড়ির পাশে পুকুরে পড়ে এ ঘটনা ঘটে। নিহত সিয়াম উপজেলার কার্পাসডাঙ্গা মাঝেরপাড়া এলাকার শফিকুল ইসলামের ছেলে।

পুলিশ ও নিহতর পারিবারিক সূত্রে জানা যায়, রোববার সকালে সিয়াম নিজ বাড়ি থেকে পার্শ্ববর্তী দোকানে চিপস কিনতে যাওয়ার সময় রাস্তার পাশে একটি পুকুরে তার হাত থেকে ১০ টাকা একটি নোট পানিতে আমার সাবধানতা বসত পড়ে যায়। পানি থেকে টাকাটি উদ্ধার করার সময় পানিতে ডুবে যায় সিয়াম। এরপর এলাকাবাসী পুকুর থেকে মরদেহ লাশ উদ্ধার করে।

নিহতর বাবা শফিকুল ইসলাম জানান, রোববার সকালে তার ছেলে সিয়াম বাড়ির পার্শ্ববর্তী দোকানে চিপস কিনতে গেলে এ ঘটনা ঘটে।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দিন ঘটনা সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে থানা পুলিশের টিম ঘটনাস্থলে পৌঁছেছে। এ ব্যাপারে থানা একটি অপমৃত্যু মামলা হবে বলেও তিনি জানান।

দামুড়হুদায় নাতির মোটরসাইকেল থেকে পড়ে নানির মৃত্য

দামুড়হুদায় নাতির মোটরসাইকেলের পিছন থেকে পাকা রাম্তার উপর পড়ে রওশনয়ারা বেগম (৬২)করুন মৃত্য হয়েছে। সে দামুড়হুদা উপজেলার

দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের আমডাঙ্গা গ্রামের আইয়ুব আলী মাস্টারের স্ত্রী।

জানাগেছে আজ বুধবার (১৩ সেপ্টেম্বর)সকাল সাড়ে ১০ টার দিকে নাতি ছেলে স্বপন মোটরসাইকেল যোগে নানি রওশনয়ারাকে চিকিৎসার জন্য বাড়ি থেকে বের হয়। পথিমধ্যে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কেসমতপুর গ্রাম এবং সুবলপুর গ্রামের মাঝামাঝি মাঠের মধ্যে পাকা রাস্তার উপর পেছন থেকে পড়ে যায়। সাথে সাথে আশপাশের লোকজন আহত অবস্থায় উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়ার পথিমধ্যে মারা যায়। তার মৃত্যতে ঐ গ্রামে নেমে এসেছে শোকের মাতম।